

# দ্বি-বার্ষিক নির্বাচন (২০১৯-২১) মানিকগঞ্জ প্রেসক্লাব, মানিকগঞ্জ।

## তফসিল

তারিখ : ১২ জুন ২০১৯

মানিকগঞ্জ প্রেসক্লাবের গঠনতন্ত্রের ১১ অনুচ্ছেদ এর ধারা (১) অনুসারে প্রতি দুই বছর অন্তর কার্যকরী পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হয়। সে অনুযায়ী কার্যকরী পরিষদ আগামী ২৯ জুন শনিবার ২০১৯ নির্বাচনের তারিখ নির্ধারণ করে ধারা (৩) মোতাবেক নির্বাচন কমিশন গঠন করেছেন। নির্বাচন কমিশনের সিদ্ধান্ত অনুযায়ী নিম্ন লিখিত তফসিল ঘোষণা করা হলো।

গঠনতন্ত্রের অনুচ্ছেদ-১১ এর ধারা (৫) অনুসারে নির্বাচন কমিশন মানিকগঞ্জ প্রেসক্লাবের নিম্নোল্লিখিত পদসমূহে নির্বাচন অনুষ্ঠান সম্পন্ন করবেন।

|                                 |       |
|---------------------------------|-------|
| ১) সভাপতি                       | একজন  |
| ২) সহ-সভাপতি                    | দুইজন |
| ৩) সাধারণ সম্পাদক               | একজন  |
| ৪) যুগ্ম-সম্পাদক                | একজন  |
| ৫) সহকারী সম্পাদক               | একজন  |
| ৬) কোষাধ্যক্ষ                   | একজন  |
| ৭) ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক | একজন  |
| ৮) প্রচার ও প্রকাশনা সম্পাদক    | একজন  |
| ৯) দপ্তর সম্পাদক                | একজন  |

সহ-সভাপতি পদে দুইজনকে এবং অন্যান্য সকল পদে একজনকে ভোট দিতে হবে। এর ব্যতিক্রম হলে সংশ্লিষ্ট পদের ভোটটি বাতিল বলে গণ্য হবে।

গঠনতন্ত্রের অনুচ্ছেদ-১১ এর ধারা (৬) অনুসারে পরিষদের নবনির্বাচিত কর্মকর্তাগণ দায়িত্বভার গ্রহণ করে প্রথম সভায় আলোচনা অথবা নির্বাচিত সদস্যদের ভোটের মাধ্যমে ৭ জন কার্যকরী সদস্য মনোনীত করে পূর্ণাঙ্গ কার্যকরী পরিষদ গঠন করবেন।

নির্বাচন কমিশন মানিকগঞ্জ প্রেসক্লাবের গঠনতন্ত্র অনুসারে কার্যকরী পরিষদ গঠন করার উদ্দেশ্যে নির্ধারিত পদে নির্বাচনের জন্য ভোটারগণকে আহ্বান জানাচ্ছে এবং উক্ত নির্বাচন অনুষ্ঠানের জন্য নিম্ন বর্ণিত সময়সূচি ঘোষণা করছেন।

|   |   |
|---|---|
| মনোনয়নপত্র সংগ্রহ  | : ১৫ জুন ২০১৯ ( শনিবার) বিকেল ৩টা থেকে সন্ধ্যা ৬ টা পর্যন্ত।      |
| মনোনয়নপত্র জমা   | : ১৬ জুন ২০১৯ ( রোববার) বিকেল ৪টা থেকে সন্ধ্যা ৬ টা পর্যন্ত।      |
| মনোনয়নপত্র বাছাই   | : ১৭ জুন ( সোমবার ) সন্ধ্যা ৭ টা থেকে রাত ৯টা পর্যন্ত।            |
| মনোনয়নপত্র প্রত্যাহার                                      | : ১৯ জুন (বুধবার) সকাল-১০ টা থেকে রাত ৮টা পর্যন্ত।                |
| চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ                             | : ২০ জুন (বৃহস্পতিবার) সকাল ১১ টা।                                |
| ভোট গ্রহণের তারিখ   | : ২৯ জুন ( শনিবার ) বেলা ৪ টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত (বিরতিহীন) |
| ভোট গণনা ও ফল প্রকাশ  | : ভোট গ্রহণ শেষে  |
| কমিশন কর্তৃক স্বাক্ষরিত বিজয়ী প্রার্থীদের তালিকা হস্তান্তর | : নির্বাচন অনুষ্ঠানের পরের দিন সকাল ১১ টায়।                      |

চলমান পাতা

মনোনয়নপত্রের মূল্য

সভাপতি ও সাধারণ সম্পাদক পদে : পাঁচ হাজার টাকা  
অন্যান্য পদে : তিন হাজার টাকা ।

যেসব কারণে নির্বাচন কমিশন মনোনয়নপত্র বাতিল করতে পারবেন তা হলো- (১) ফরম পূরণে অসম্পূর্ণতা পাওয়া গেলে (২) ভুল তথ্য প্রদান করলে (৩) স্বাক্ষর জাল করলে (৪) চূড়ান্ত ভোটার তালিকার সাথে নামের বানানে মিল না পাওয়া গেলে (৫) প্রার্থী, সমর্থন ও প্রস্তাবকারীর ভোটার নম্বর মিল না থাকলে এবং একজন ভোটার একাধিক পদে মনোনয়ন পত্র জমা দিতে পারবেন না, যদি জমা দেন তবে প্রার্থীতা বাতিল হয়ে যাবে ।  
নির্বাচন সুষ্ঠুভাবে অনুষ্ঠানের জন্য নিম্ন বর্ণিত আচরণবিধি মেনে চলার জন্য সংশ্লিষ্টদের আহ্বান করা হচ্ছে ।  
আচরণবিধি ভঙ্গ করলে নির্বাচন কমিশন প্রার্থীতা বাতিল ও ভোটাধিকার বাতিল কিংবা অর্থদন্ডের মত শাস্তি প্রয়োগ করতে পারবেন ।

### আচরণবিধি সমূহঃ

- ১। নির্বাচনে অংশগ্রহণকারী প্রার্থীগণ অর্থ কিংবা কোন রকম উপহার সামগ্রীর মাধ্যমে ভোটারদের প্রভাবিত করতে পারবেন না ।
- ২। নির্বাচন সুষ্ঠুভাবে অনুষ্ঠানে কোন রকম বাধা কিংবা বিশৃঙ্খলা সৃষ্টি করা যাবে না ।
- ৩। ভোট প্রদানের সময় ভোটারগণ মোবাইল ফোন (সেলফোন) ও ক্যামেরা সঙ্গে নিতে পারবেন না ।
- ৪। ভোট প্রদানের সময় ব্যালট পেপারে কোন রকম চিহ্ন দেয়া যাবে না ।
- ৫। বহিরাগত কোন ব্যক্তি বা মহল দ্বারা প্রার্থীদের পক্ষে ভোটারদের ওপর প্রভাব বিস্তার বা চাপ প্রয়োগ করা যাবে না ।
- ৬। পোস্টার, ব্যানার, লিফলেটের মাধ্যমে নির্বাচনী প্রচারণা করা যাবে না ।

নির্বাচনে ভোটগ্রহণ চলাকালে নির্বাচন কমিশনের সদস্যগণ, ভোটারগণ, প্রেসক্লাবের কর্মকর্তা-কর্মচারী, আজীবন দাতা সদস্য, আইন প্রয়োগকারী সংস্থার সদস্যবৃন্দ ছাড়া অন্য কেউ ভোট কেন্দ্রের নির্দিষ্ট এলাকায় অনুমতি ব্যতিরেকে প্রবেশ করতে পারবেন না । কোন রকম গোলযোগের আশঙ্কা দেখা দিলে কিংবা প্রয়োজন মনে করলে নির্বাচন কমিশন আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সহযোগিতা চাইতে পারবেন ।

প্রেসক্লাবের গঠনতন্ত্রের অনুচ্ছেদ-১১ এর ধারা (২) অনুসারে নির্বাচন কমিশনের কাছে হস্তান্তরকৃত ভোটার তালিকাভুক্ত ভোটারগণই ভোট দিতে পারবেন ।

অনুচ্ছেদ-১১ এর ধারা (৪) অনুযায়ী নির্বাচনের কোন পদে প্রতিদ্বন্দ্বী প্রার্থীর প্রাপ্ত বৈধ ভোটের সংখ্যা সমান হলে পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে উক্ত পদে উপ-নির্বাচন অনুষ্ঠিত হবে । এ ক্ষেত্রে নির্বাচন কমিশন সে অনুযায়ী ব্যবস্থা নিবেন ।

অনুচ্ছেদ-১১ এর ধারা (৩) অনুসারে নির্বাচন পরিচালনার জন্য নির্বাচন কমিশন মানিকগঞ্জ প্রেসক্লাবের গঠনতন্ত্র অনুসরণ করে স্বাধীনভাবে নির্বাচন পরিচালনা করবে ।

(সুরূষ খান)  
প্রধান নির্বাচন কমিশনার

(আব্দুল মোমিন)  
নির্বাচন কমিশনার

(আমিনুর রহমান অঞ্জন)  
নির্বাচন কমিশনার